

## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড (ইউসিবি)

### যশোর শাখা

৩৬, এম. কে. রোড, যশোর।

#### (বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক))

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউসিবি, যশোর শাখা, যশোর এর ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স শেখ রওশন আলি এর স্বত্বাধিকারী শেখ রওশন আলী, পিতা শেখ শামসুদ্দিন, সাং- ৭১, হাজী মুহম্মদ মহসিন রোড, যশোর টাউন, ডাকঘর- হেড পোস্ট অফিস-৭৪০০, থানা- কোতয়ালী, জেলা- যশোর কতৃক গৃহীত ঋণের জামানত হিসাবে মোছাঃ শামিমা আকতার, স্বামী- শেখ রওশন আলী, সাং- ৭১, হাজী মুহম্মদ মুহসিন রোড, ডাকঘর-যশোর-৭৪০০, থানা- কোতয়ালী, জেলা- যশোর; এর নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোজার দলিলমূলে নিম্ন তপসিলভুক্ত সম্পত্তি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণ গ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় ইং ৩১.১০.২০১৫ তারিখ পর্যন্ত খেলপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৩,২০,৯৭,৯৭৮/- (তিন কোটি বিশ লক্ষ সাতানব্বই হাজার নয়শত আটাত্তর) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহকৃত দরপত্র আহবান করা যাইতেছে

#### বন্ধকী সম্পত্তির তফসিল

- (১) জেলা- যশোর, থানা- কোতয়ালীর অধীন ৯১ নং বারান্দী মৌজায় খতিয়ান নং সিএস-১৪৪৪, এসএ-১৩৯৯, পৃথক-৬২৪৩, দাগ সিএস-৭৩৩, এসএ-৭৭৮; আরএস-২৬৪৮; পরিমাণ- ৫০০০ বর্গফুট বিশিষ্ট তিনতলা পাকা দালানসহ ১৪.৯৫ শতক জমি যাহা যশোর পৌরসভার মধ্যে অবস্থিত।

#### নিলাম দরপত্রের শর্তাবলী

- ১। আগামী ১৩/১২/২০১৫ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, যশোর শাখা, যশোর এ রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, যশোর শাখা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- ৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৬। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৭। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

#### ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, যশোর শাখা, যশোর।

টেলিফোনঃ ০৪২১-৬৮৭৪২।